

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৭২.০১.০০.০১৮.২০১১-২৫৩ ২৬৬

তারিখঃ ২৯.০৫.২০১৬ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী”(কোড নং-৫-২৭১১-৫০৬০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৫-২০১৬ অর্থ বৎসরে সংশোধিত এডিপি-তে বরাদ্দকৃত অর্থ হতে জিওবি বাবদ ৪র্থ কিস্তির অর্থ ছাড় সংক্রান্ত।

জনাব


উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২২.০৫.২০১৬ তারিখের ৪৫.১৭২.০১.০০.০১৮.২০১১-২৫৩ সংখ্যক সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি আদিষ্ট হয়ে “এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী”(কোড নং-৫-২৭১১-৫০৬০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত এডিপি-তে বরাদ্দকৃত জিওবি খাতের অর্থ হতে ৪র্থ কিস্তি বাবদ ১২৫৫.৬৪ লক্ষ টাকা নিম্নোক্তভাবে ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

(লক্ষ টাকায়)

| বাস্তবায়নকারী সংস্থার নাম | প্রকল্পের/ কর্মসূচির নাম ও কোড নম্বর | অনুমোদিত/পিসিপি অনুমোদিত/ অননুমোদিত | কিস্তির নাম | রাজস্ব খাতের অর্থ | মূলধন খাতের অর্থ | মোট অবমুক্তকৃত অর্থ |
|---|---|--|----------------|----------------------|---------------------|---------------------------|
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (২৭১১) | এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী”(কোড নং-৫-২৭১১- ৫০৬০) | অনুমোদিত | ৪র্থ | ৬৫৫.৬৪ লক্ষ | ৬০০.০০ লক্ষ | ১২৫৫.৬৪ |

- ০২। এ ব্যয় বর্তমান অর্থ বছরের মঞ্জুরী নং-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটে “এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী”(কোড নং-৫-২৭১১-৫০৬০) শীর্ষক কর্মসূচি হতে বহন করা হবে।
- ০৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভূত।
- ০৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প হুকে বর্ণিত কোড/সাব কোডে বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর, দায়ী থাকবেন।
- ০৫। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয় কে প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থ বিভাগের ২৯.০৫.২০১৬ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.২৫.২০১২-২৪২ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতিক্রমে নিম্নোক্ত শর্তে জারী করা হলো :

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ করতে হবে;
- (গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন।


(হাসান মাহমুদ)
উপসচিব

ফোনঃ ৯৫৪৯৫৫৩

saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দৃষ্টব্য




নং- ৪৫.১৭২.০১.০০.০১৮.২০১১-২৬৬ /১(৯)

তারিখঃ ২৯.০৫.২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। লাইন ডাইরেক্টর, এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো / কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৭। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


(হাসান মাহমুদ)
উপসচিব